



তথ্যবিবরণী

নম্বর-০৫২

তথ্য সার্বজনীন মানবাধিকার

- তথ্য অধিকার দিবসের আলোচনা সভায় জেলা প্রশাসক

রাজশাহী; ১৩ আশ্বিন (২৮ সেপ্টেম্বর):

রাজশাহীর ভারপ্রাপ্ত জেলা প্রশাসক সরকার অসীম কুমার বলেছেন, তথ্য সার্বজনীন মানবাধিকার। ১৯৪৮ সালের মানবাধিকার সনদের ১৯ ধারায় সুস্পষ্ট উল্লেখ করা হয়েছে তথ্য অধিকার বিষয়ে। আমাদের সংবিধানের ৭ অনুচ্ছেদ অনুযায়ী জনগণ সকল ক্ষমতার মালিক এবং ৩৯ অনুচ্ছেদে আমাদের যে চিন্তা, বিবেক ও বাক স্বাধীনতার কথা বলা হয়েছে তার জন্য তথ্য অধিকার অপরিহার্য।

আজ শনিবার (২৮ সেপ্টেম্বর) সকালে রাজশাহী জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস ২০২৪ উদযাপন উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় সভাপতির বক্তব্যে তিনি এসব কথা বলেন। এ বছর দিবসটির প্রতিপাদ্য 'রাষ্ট্রের মূলধারায় তথ্য অধিকারের সংযুক্তি এবং সরকারি খাতের অংশগ্রহণ নিশ্চিতকরণ' এবং স্লোগান হচ্ছে, 'কর্তৃপক্ষের সকল দ্বার খুলে দেবে তথ্য অধিকার।'

সরকার অসীম কুমার বলেন, তথ্য অধিকার আইনটি সম্পর্কে ভালোভাবে না জানার কারণে অনেক সময় তথ্য প্রদানে আমাদের অনিচ্ছাকৃত বিলম্ব হয়। এ সময় তিনি তথ্য অধিকার আইনের সঠিক প্রয়োগের জন্য কর্মকর্তাদের এ আইনটির বিভিন্ন বিধি-বিধান ভালোভাবে অবগত হওয়ার উপর গুরুত্বারোপ করেন।

সভার শুরুতে রাজশাহী পিআইডি'র উপপ্রধান তথ্য অফিসার মোঃ তৌহিদুজ্জামান তথ্য অধিকার আইন ২০০৯ এর আলোকে নাগরিকের তথ্য চাওয়ার প্রক্রিয়া ও করণীয় বিষয়ে সংক্ষিপ্ত ধারণা প্রদান করেন।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন জেলা তথ্য অফিসের পরিচালক মোহাঃ ফরহাদ হোসেন, টিআইবি'র আঞ্চলিক সমন্বয়কারী মোঃ মনিরুল হক, ব্র্যাক জেলা প্রতিনিধি মোঃ মহসিন আলী প্রমুখ।

সভায় বিভিন্ন সরকারি-বেসরকারি দপ্তরের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

.....
তৌহিদ/আতিক/আলীম/২০২৪/১২.০০ ঘ.